

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-২

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৬

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৬.১৯.৯৭

২৩ জুন ২০১৯

বিষয়: রিট পিটিশন নং-১৫৫১১/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব দাখিলসহ প্রয়োজনীয় আইনী ব্যবস্থা গ্রহণক্রমে টিএমইডিতে তথ্য প্রেরণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের বুল নিশি জারির আদেশ, তারিখ: ১৮.০২.২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জনাব মো: আবদুর রউফ মন্ডল, পিতা: ড. মো: আব্বাস আলী মন্ডল, প্রভাষক, সেক্রেটারিয়াল সার্ভিস, পীরগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, বাগমারা, রাজশাহী কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৫৫১১/২০১৮ মামলা দায়ের করা হয়েছে এবং মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত মামলার বুল নিশি জারির আদেশ প্রেরণ করা হয়েছে।

০২. উক্ত মামলার বুল নিশি জারির আদেশ, আর্জি এবং তৎসংলগ্নীসমূহ পর্যালোচনা করে দেখা যায় যে, আবেদনকারীর বর্ণনামতে জাল সনদ প্রমাণিত হওয়ায় আবেদনকারী কর্তৃক পীরগঞ্জ টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ জনাব মো: আব্দুল আজিজকে দায়িত্ব থেকে অব্যাহতি চেয়ে চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর আবেদন করা হয়। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক এই আবেদনটি গ্রহণ করে এর নিষ্পত্তির নিদর্শন কামনার মহামান্য হাইকোর্ট রিট পিটিশন নং-১৫৫১১/২০১৮ মামলাটি দায়ের করা হয়।

০৩. উক্ত রিট পিটিশন মামলার সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়-কে ১নং রেসপনডেন্ট, মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর-কে ২ নং রেসপনডেন্ট, চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড-কে ৩ নং রেসপনডেন্টসহ মোট ০৮ (আট) জনকে রেসপনডেন্টস করা হয়েছে।

০৪. উক্ত মামলায় মহামান্য হাইকোর্ট কর্তৃক গত ১১.০৩.২০১৯ খ্রি: তারিখে নিম্নরূপ নির্দেশ দেয়া হয়েছে:

"pending hearing of the Rule, respondent No. 3 is directed to dispose of petitioner's application dated 23.01.2019 (Annexure-K) in accordance with law, within 3 (three) months of receipt of a copy of this order."

০৫. মামলাটিতে সরকারি স্বার্থ সংরক্ষণে (বুল নিশি জারির প্রেক্ষিতে জবাব (Affidavit in opposition)সহ) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।

০৬. এমতাবস্থায় উপরিউক্ত মতে রিট পিটিশন নং-১৫৫১১/২০১৮ মামলায় সরকার পক্ষের জবাব (Affidavit in opposition) দাখিলসহ (পূর্বে দাখিল না হয়ে থাকলে) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণক্রমে পূহিত পদক্ষেপের তথ্য (প্রমাণপত্রসহ) আগামী ৩০.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



১১-৬-২০১৯

ড. মো: মহাবুব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)

চেয়ারম্যান
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪৭.০৪.০৯৬.১৯.৯৭/২(৭)

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৬
২৩ জুন ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৩) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪) ~~সচিব মহোদয়ের একান্ত সচিব~~ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬) উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭) অফিস কপি, মাস্টার কপি



২০-৬-২০১৯

ড. মো: মহাতাব হোসেন
সংযুক্ত কর্মকর্তা (আইন)